

ময়মনসিংহ জেলা সদরে অবস্থিত সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহে

ভর্তি পরীক্ষার বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ - ২০২০

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালে ময়মনসিংহ জেলা সদরে অবস্থিত ০৩ (তিন) টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে নিম্নোক্ত শ্রেণির শূন্য আসনের বিপরীতে ছাত্র/ছাত্রী ভর্তি করা হবে।

শ্রেণি ভিত্তিক শূন্য আসন সংখ্যা

ক্রমিক নং	বিদ্যালয়ের নাম	শ্রেণি	শ্রেণিওয়ারী শূন্য আসন সংখ্যা			মন্তব্য
			প্রভাতী	দিবা	মোট	
০১	ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ	৩য়	৭০	৭০	১৪০	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে।
		৬ষ্ঠ	৬২	৬৪	১২৬	
০২	বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ	৪র্থ	১৪০	১৪০	২৮০	শুধুমাত্র সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য
		৬ষ্ঠ	১৪	১৪	২৮	
০৩	গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ	১ম	৬০ (বালিকা)	৬০ (বালক)	১২০	সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য ১০% কোটা সংরক্ষিত থাকবে।
		৬ষ্ঠ	৬০ (বালিকা)	৬০ (বালক)	১২০	

ভর্তি পরীক্ষার আবেদন অনলাইনে পূরণ করতে হবে। বিদ্যালয় থেকে কোন ফরম বিতরণ করা হবে না। অনলাইনে ভর্তি ফরম পূরণ করে স্বয়ংক্রিয়ভাবে প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। gsa.teletalk.com.bd ওয়েব সাইটে অনলাইনে ভর্তির আবেদন করতে হবে। সংশ্লিষ্ট বিদ্যালয়ের ওয়েবসাইটে অনলাইনে ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য ও আবেদনের নিয়মাবলী জানা যাবে।

- ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ এর ওয়েবসাইট : www.mzs.edu.bd
- বিদ্যাময়ী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ময়মনসিংহ এর ওয়েবসাইট : www.sib.gov.bd
- গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, ময়মনসিংহ এর ওয়েবসাইট : www.sib.gov.bd

অনলাইনে ভর্তি ফরম পূরণের তারিখ ও সময়:

অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমা দান শুরুর তারিখ ০১/১২/২০১৯ খ্রি: দিবাগত ১২:০০ টা

অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ১৪/১২/২০১৯ খ্রি: রাত ১২.০০ টা।

ইউজার আইডি প্রাপ্ত শিক্ষার্থীগণ পরবর্তী ৪৮ ঘন্টা অর্থাৎ ১৬/১২/২০১৯ রাত ১২:০০ মিনিট পর্যন্ত আবেদন ফি জমা দিতে পারবেন।

অনলাইনে gsa.teletalk.com.bd তে আবেদন ফরম পূরণ করা যাবে। আবেদন ফি : ১৭০/- (একশত সত্তর টাকা)।

ভর্তি পরীক্ষার তারিখ ও সময় :

- ভর্তি পরীক্ষার তারিখ : ২১/১২/২০১৯ খ্রি:।
৩য় শ্রেণি সকাল ১০.০০টা থেকে ১১.০০টা; ৪র্থ শ্রেণি সকাল ১০.০০টা থেকে বেলা ১২.০০ টা।
৬ষ্ঠ শ্রেণি বিকাল ২.৩০মিনিট থেকে ৪.৩০ মিনিট।
১ম শ্রেণির লটারী আগামী ১৮/১২/২০১৯ খ্রি: তারিখ সকাল ১০.০০ টায় জেলা শিল্পকলা একাডেমী ময়মনসিংহতে অনুষ্ঠিত হবে।
১ম শ্রেণিতে একজন প্রার্থীর একাধিক আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ভর্তি পরীক্ষার বিষয় ও মানবন্টন :
৩য় শ্রেণি : বাংলা- ১৫, ইংরেজি- ১৫, গণিত- ২০ মোট = ৫০
৪র্থ ও ৬ষ্ঠ শ্রেণি : বাংলা- ৩০, ইংরেজি- ৩০, গণিত- ৪০ মোট = ১০০

শর্তাবলী :

- ১। ১ম শ্রেণিতে ০১/০১/২০১৯ খ্রি: তারিখে সর্বনিম্ন বয়স হবে ৬+ বছর এবং সর্বোচ্চ বয়স ৮ বছরের কম হতে হবে।
- ২। অনলাইনে আবেদন ফরম পূরণের সময় শিক্ষার্থীর জন্ম তারিখ, নাম ও নামের বানান, পিতা-মাতার নাম ও নামের বানান সতর্কতার সাথে পূরণ করতে হবে। পরবর্তীতে এ ধরনের পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
- ৩। ভর্তির সময় অনলাইন জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

স্বাক্ষরিত
(মোহছিনা খাতুন)

সদস্য সচিব

জেলা পর্যায়ে সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে

ভর্তি কমিটি

ও

প্রধান শিক্ষক

ময়মনসিংহ জিলা স্কুল, ময়মনসিংহ